

রেজিস্টার্ড নং ডি এ-১

## বাংলাদেশ



## গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ৫, ২০২৩

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিয়য়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনসিটিউশন

১১৬-ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

### প্রজ্ঞাপন

তারিখ: ২০ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ/০৫ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নম্বর-৫৬-আইন/২০২৩।—বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনসিটিউশন আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৭ নং আইন) এর ধারা ৫০ এ প্রদত্ত ক্ষমতাবলে, ইনসিটিউশন, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনসিটিউশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রবিধানমালার তফসিল এর—

(ক) ক্রমিক নং ৫ এর বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত এন্টিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্টিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“পদোন্নতির ক্ষেত্রে:

পরিসংখ্যানবিদ বা পরীক্ষক পদে অন্যন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।

সরাসরি নিয়োগের ক্ষেত্রে:

কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে—

(ক) পরিসংখ্যান, অর্থনীতি বা ব্যবসায় প্রশাসন বিষয়ে প্রথম শ্রেণী বা সমমানের Cumulative Grade Point Average (CGPA)-সহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা অন্যন দ্বিতীয় শ্রেণী বা সমমানের Cumulative Grade Point Average (CGPA)-সহ স্নাতক (সম্মান) ডিগ্রী; অথবা

(খ) পুরকৌশলে স্নাতক ডিগ্রী।”; এবং

(৩০০৭)

মূল্য : টাকা ৪.০০

(খ) ক্রমিক নং ৮ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ৮ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ নিম্নবর্ণিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“৮। **পরীক্ষক**      ৩০      **সরাসরি**      কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে—  
বৎসর      **নিয়োগের**  
                    মাধ্যমে।

(ক) অর্থনীতি বা পরিসংখ্যান বিষয়ে  
অন্যুন দ্বিতীয় শ্রেণী বা সমমানের  
Cumulative Grade Point  
Average (CGPA)-সহ  
স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী  
অথবা অন্যুন দ্বিতীয় শ্রেণী বা  
সমমানের Cumulative  
Grade Point Average  
(CGPA)-সহ স্নাতক (সম্মান)  
ডিগ্রী; অথবা

(খ) প্রকৌশলে স্নাতক ডিগ্রী।”।

#### ইনসিটিউশনের আদেশক্রমে

মোঃ নূরুল আলম  
অতিরিক্ত সচিব  
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)  
বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেক্সিং ইনসিটিউশন (বিএসটিআই)।